গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৭/ ৭৪ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ০৩/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য Bio Bag, Eco Bag, Green Bag নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Bio Bag Bangladesh এর ২১/১২/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Bio Bag Bangladesh নামক প্রতিষ্ঠান Bio Bag, Eco Bag, Green Bag নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Bio Bag Bangladesh |
| আবেদনকারীর ঠিকানা | Paiker Bari, Dobaria, Pirgacha, Lairipara, Bogura. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Bio Bag, Eco Bag, Green Bag |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Solid Form |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Norway/Sweden/Italy/Findland/Netherland/ Germany/Estonia/Ireland/Denmark/Slovakia/ Czech Republic/China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 39.23 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

শপিং ব্যাগ, বর্জ্য সংগ্রহ ব্যাগ, লেমিনেসন ফিল্ম, ধারক, বাহক, মোড়ক কোন কিছু রাখার বা বহনের কাজে ব্যবহারের জন্য Bio Bag, Eco Bag, Green Bag নামক পণ্যটি Solid Form প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিতব্য Bio Bag, Eco Bag, Green Bag নামীয় পণ্যটির প্রস্তাবিত এইচ এস কোড 39.23। এ প্রসংগে Bangladesh Customs Tariff (BCT), Explanatory Notes ও সংশ্লিষ্ট দলিলাদি পর্যালোচনা করা হয়। ৫ম প্রজন্মের বায়ো টেকনলজি দ্বারা মার (starch) কে অতি উচ্চ ঘূর্ণনের মাধ্যমে পলিক্যাপ্রল্যাক্টিন (PCL) দ্বারা আয়ন পর্যায়ে এক অনুর সাথে অন্য অনুকে সেলাই/বন্ডেড করা হয়। তারপর তরল বা আঠা জাতীয় দ্রবন তৈরী হয়। সেই দ্রবণকে পুনরায় অতি অতি উচ্চ ঘূর্ণনের মাধ্যমে শুকীয়ে দানাদার/মেনিটল ও ম্যাটেরিয়াল তৈরী করা হয়। র-ম্যাটারিয়ালকে ইঞ্জেকশন ব্রোইং এর মাধ্যমে তৈজস/আসবাবপত্র ও ব্রো এক্সট্রুডিং এর মাধ্যমে ফিল্ম তৈরী করা হয়। এ ফিল্ম দিয়ে Bio Bag তৈরী করা হয় যা পচনশীল।

Explanatory Notes এর Volume-2, পৃষ্ঠা-VII-3921-1 তে হেডিং 39.21 এর ব্যাখ্যায় বলা হয়েছে This heading covers all articles of plastics commonly used for the packing or conveyance of all kinds of products. The articles covered include:

(a) Containers such as boxes, cases, crates, sacks and bags (including cones and refuse sacks), casks, cans, carboys, bottles and flasks.

The heading also covers :

(i) Cups without handles having the character of containers used for the packing or conveyance of certain foodstuffs, whether or not they have a secondary use as tableware or toilet articles;

(ii) Bottle preforms of plastics being intermediate products having tubular shape, with one closed end and one open end threaded to secure a screw type closure, the portion below the threaded end being intended to be expanded to a desired size and shape.

(b) Spools, cops, bobbins and similar supports, including video or audio cassettes without magnetic tape.

(c) Stoppers, lids, caps and other closures.

যেহেতু-Biobag is a compostable plastic Bags and contains no polyethylene সেহেতু BCT ও Explanatory Notes এর ব্যাখ্যা অনুযায়ী 39.23 হেডিংভুক্ত -Sacks and bags এর অধীনে --of other plastic হিসাবে এইচ এস কোড 3923.29.90 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৮.০৭.২০২৪
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৩.১৭/ ৭৪ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/(আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, Bio Bag Bangladesh, Paiker Bari, Dobaria, Pirgacha, Lairipara, Bogura.

১৮/৭/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com